দৈনিক সংবাদ

JUN. 13 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢা.বি ক্যাম্পাসে ৭৭ জন বহিরাগত গ্রেফতার

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত এক সপ্তাহ অভিযান চালিয়ে ৭৭ জন বহিরাগত, নেশাখোর, জুয়াড়ি, ও যুগলকে পুলিশের হাতে সোপর্দ করেছে। রাতে ক্যাম্পাসে অসামাজিক কাজ-কর্ম সম্পর্কে পত্রিকায় সংবাদ প্রকাশের পর কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ফিরিয়ে আনতে গত ৬ই জুন থেকে অভিযান শুরু করেছে বলে প্রক্টর অফিস সূত্রে জানা গেছে।

গত ৬ই জুন ক্যাম্পাসের নজরুলের মাজার, কেন্দ্রীয় লাইব্রেরি চত্বর, চারুকলা ও অ্যানেক্স ভবনে সহকারী প্রক্টররা অভিযান চালিয়ে ৫ জন নেশাখোরকে মাদক সেবনকালে হাতেনাতে ধরে পুলিশের হাতে তুলে দেন। একইভাবে গত ৯ই জুন ওই স্পটে অভিযান চালিয়ে ২৫ জন নেশাখোর ও জুয়াড়িকে ধরে তারা পুলিশের কাছে সোপর্দ করেন। সোমবার থেকে কলাভবনের সামনে, ফুলার রোড, আইআর বিল্ডিং, জগন্নাথ হলের পাশের রোড, রোকেয়া, শামসুন নাহার ও মৈত্রী হলের সামনে থেকে গতকাল পর্যন্ত ৩৪টি যুগলকে অসংলগ্ন আচরণের কারণে পুলিশে দেয়া হয়। প্রক্টর অফিস সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ফিরিয়ে আনতে এ অভিযান ধারাবাহিকভাবে চলবে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, আগামী কয়েকদিনের মধ্যে এক নোটিশে সন্ধ্যার পর ফুটপাতে বসা নিষিদ্ধ করা হবে।